দৈনিক
ইনকিলাব

তারিখ ... 30 DEC 2002
পৃষ্ঠা ৮ ... ... কলাম ...

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

নং পরী/৪৬৫/মফোকা-২০০৩ তারিখ : ২৯-১২-২০০২ ইং

## বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন আলিম, ফাযিল ও কামিল মাদরাসার অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০০৩ সালে অনুষ্ঠিতব্য আলিম, ফাযিল ও কামিল পরীক্ষার আবেদন ফরম, প্রয়োজনীয় ফি বোর্ডে জমা দেয়ার তারিখ, ফিসের হার এবং নিয়মাবলী নিম্নে দেয়া হল। পরীক্ষা শুরুর সম্ভাব্য তারিখ ৮ই মে, ২০০৩ ইং।

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১. | নির্বাচনী পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের তারিখ (প্রয়োজনবোধে বোর্ডকে নির্বাচনী পরীক্ষার উত্তরপত্র সরবরাহ করতে হবে) : | ০৯-০১-২০০৩ ইং |
| ২. | নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট পরীক্ষার্থী এবং বিভাগ উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের আবেদন ফরম ও অন্যান্য কাগজপত্র (নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের তালিকাসহ বোর্ডের আলিম, ফাযিল ও কামিল পরীক্ষা শাখা থেকে গ্রহণের তারিখ : | ১১-০১-২০০৩ ইং হতে ১৫-০১-২০০৩ ইং পর্যন্ত |
| ৩. | বিলম্ব ফি ছাড়া সকল প্রকার পরীক্ষার্থীর (আলিম, ফাযিল ও কামিল পরীক্ষার) ফি-এর ব্যাংক ড্রাফট ক্রয়ের শেষ তারিখ : | ২৫-০১-২০০৩ ইং |
| ৪. | পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (এক শত) টাকা বিলম্ব ফি-সহ সকল প্রকার পরীক্ষার্থীর (আলিম, ফাযিল ও কামিল) পরীক্ষার ফি-এর ব্যাংক ড্রাফট ক্রয়ের শেষ তারিখ : | ০৫-০২-২০০৩ ইং |
| ৫. | নির্ধারিত তারিখে রেজিস্ট্রারের অনুকূলে বিলম্ব ফি ছাড়া এবং বিলম্ব ফি-সহ পরীক্ষার ফি-এর উভয় ব্যাংক ড্রাফট জমা দেয়ার শেষ তারিখ (পরীক্ষা সংক্রান্ত ব্যাংক ড্রাফট এবং প্রয়োজনীয় কাগজপত্র কেবলমাত্র ১ (একবার) জমা দিতে পারবেন) | |
| | ক. ঢাকা বিভাগ | : ১৭-০২-২০০৩ ইং |
| | খ. রাজশাহী বিভাগ | : ১৮-০২-২০০৩ ইং |
| | গ. চট্টগ্রাম ও সিলেট বিভাগ | : ১৯-০২-২০০৩ ইং |
| | ঘ. খুলনা বিভাগ ও বরিশাল বিভাগ | : ২০-০২-২০০৩ ইং |

৬ **বিভাগ উন্নয়ন :**
রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে কেবল ২০০২ সালের আলিম, ফাযিল ও কামিল পরীক্ষায় ২য় ও ৩য় বিভাগে/শ্রেণীতে উত্তীর্ণ পরীক্ষার্থীগণ ইচ্ছে করলে বিভাগ উন্নয়ন/শ্রেণী উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে ২০০৩ সালের আলিম, ফাযিল ও কামিল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে প্রয়োজনীয় ফি-সহ আবেদন ফরম যথাসময়ে স্ব-স্ব মাদরাসার অধ্যক্ষের নিকট জমা দিতে হবে। কোন অবস্থাতেই মাদরাসা/কেন্দ্র পরিবর্তন করা যাবে না। পরীক্ষার ফি-এর সাথে বিভাগ উন্নয়ন ফি জমা দিতে হবে।

৭ **প্রাইভেট পরীক্ষা :**
ক. কেন্দ্রস্থিত স্বীকৃতিপ্রাপ্ত সমমানের মাদরাসা হতে প্রাইভেট পরীক্ষা দিতে হবে।
খ. পরীক্ষার ফরমে কেন্দ্র সচিবের কোন সীল ব্যবহার করা যাবে না, কেবল মাদরাসা অধ্যক্ষের নামের সীল ব্যবহার করতে হবে।
গ. বিজ্ঞান বিভাগের কোন পরীক্ষার্থী প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। সাধারণ বিভাগের কোন পরীক্ষার্থী বিজ্ঞান বিভাগের কোন বিষয়ে পরীক্ষা দিতে পারবে না। আলিম, ফাযিল ও কামিল শ্রেণীর প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীগণকে পূর্ববর্তী পরীক্ষা পাসের ৩ (তিন) বছর পর পরীক্ষা দিতে পারবে।

৮. **রেজিস্ট্রেশন :**
ক. ১৯৯৯-২০০২ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনকৃত কোন পরীক্ষার্থী/পরীক্ষার্থিনী ২০০৩ সালের আলিম, ফাযিল ও কামিল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
খ. বিভাগ উন্নয়নে পরীক্ষার্থীদের নতুন করে রেজিস্ট্রেশন করার প্রয়োজন নেই। তাদের আবেদন ফরমে পূর্বের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ করতে হবে (৬ নং অনুচ্ছেদ দ্রষ্টব্য)।

৯. **পাঠ্যসূচি :**
নিয়মিত/অনিয়মিত/বিভাগ উন্নয়নে/শ্রেণী উন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার্থীদেরকে ২০০৩ সালের পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবল আলিম শ্রেণীর বিভাগ উন্নয়ন, অকৃতকার্য পরীক্ষার্থীগণ পুরাতন সিলেবাস অনুযায়ী ইংরেজী বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

১০. **আবেদন ফরম পূরণের নিয়মাবলী :**
ক. আবেদন ফরম পরীক্ষার্থীকে নিজ হাতে পূরণ করতে হবে। নাম, পিতার নাম ও মাতার নামসহ সকল তথ্যাদি দাখিল/আলিম/ফাযিল পরীক্ষার প্রবেশপত্র অনুযায়ী হতে হবে।
খ. প্রিন্ট আউটের ক্রমানুসারে ২ (দুই) কপি বিবরণী ফরম স্পষ্টাক্ষরে পূরণ করে, বিবরণী ফরমের ক্রমানুসারে আবেদন ফরম সাজিয়ে শক্ত সুতা দ্বারা বেঁধে দিতে হবে।
গ. আবেদন ফরমে লিপিবদ্ধ পরীক্ষার্থীর যাবতীয় তথ্যাদি নির্ভুলভাবে বিবরণী ফরমে উল্লেখ করতে হবে। কম্পিউটার প্রিন্ট আউট-এর সিরিয়ালের ক্রমানুসারে বিবরণী ফরম প্রস্তুত করতে হবে।
ঘ. ১৯৯৯-২০০০ ও ২০০০-২০০১ সেশনের ছাত্র-ছাত্রীর মধ্যে যারা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের সংশ্লিষ্ট বছরের পরীক্ষার মূল প্রবেশপত্র আবেদন ফরমের সাথে অবশ্যই জমা দিতে হবে। যারা পরীক্ষায় অংশগ্রহণ করেনি, তাদের সম্পর্কে মাদরাসার অধ্যক্ষকে আলাদাভাবে প্রতিবেদন ফরমের সাথে জমা দিতে হবে। অকৃতকার্য পরীক্ষার্থীরা যে মাদরাসা হতে পূর্ববর্তী বছরের পরীক্ষায় অকৃতকার্য হয়েছে সে মাদরাসা হতেই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। যদি কেহ অন্য কোন মাদরাসা হতে প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকাকালীন) পরীক্ষায় অংশগ্রহণ করে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
ঙ. প্রত্যেক পরীক্ষার্থীর সদ্যতোলা ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ফটো (টুপি/ওড়না পরিহিত) মাদরাসার অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করে দিতে হবে।
চ. আবেদন ফরমের ডান পার্শ্বের কোণায় প্রিন্ট আউটের ক্রমিক নম্বর সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে।
ছ. অসম্পূর্ণ আবেদন ফরম কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে।

১১. **সকল প্রকার পরীক্ষার্থীদের পরীক্ষা ফি-এর হার নিরূপণ :**

| পরীক্ষার নাম | পরীক্ষার ফি প্রতিপত্র | ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ফি প্রতিপত্র | মার্কশীট ফি প্রতি পরীক্ষার্থী | রিটেনশন (আর.পি) ফি (অকৃতকার্য পরীক্ষার্থীদের বেলায়) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি প্রতি পরীক্ষার্থী | কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী | বিভাগ উন্নয়ন ফি প্রতি পরীক্ষার্থী |
|---|---|---|---|---|---|---|---|
| আলিম (সাধারণ/বিজ্ঞান/মুজাব্বিদ ই-মাহির) | ৪০/- | ৩০/- | ৩৫/- | ৭০/- | ৫/- | ১০০/- | ২০০/- |
| ফাযিল (সাধারণ/মুজাব্বিদ) | ৪৫/- | ৪৫/- | ৩৫/- | ৮০/- | . | ১০০/- | ৩০০/- |
| কামিল (হাদীস/তাফসীর/ফিকহ/আদব/মুজাব্বিদ) | ৫০/- | ৮৫/- প্রতি পরীক্ষার্থী | ৪৫/- | ৯০/- | . | ১০০/- | ৪০০/- |

** আলিম পরীক্ষায় কেহ অতিরিক্ত বিষয় নিতে চাইলে তাকে আবশ্যিক বিষয়ের প্রতি পত্রের সমান ফি প্রদান করতে হবে।

১২. পরীক্ষার ফি ও ফরম বোর্ডে ... নিয়মাবলী ...

[illegible]